

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১০/০২/২০২২ খ্রি.

২০১৯ সনের মাস্টার্স ফাইনাল (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট)

পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি


এতদ্বারা অত্র কলেজের মাস্টার্স শেষ পর্বের ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ০৯/০২/২০২২ তারিখের সংশোধিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৮ সনের মাস্টার্স পরীক্ষায় অংশগ্রহণ করে GPA ২.৫০ এর কম পেয়েছে বা অকৃতকার্য হয়েছে তাদের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

১। ২০১৮ সনের মাস্টার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে পাশাপাশি C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে ২০১৯ সনের মাস্টার্স শেষ বর্ষে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে, ইনকোর্স, টার্ম পেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নয়ন করতে পারবে না।

২। ২০১৮ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় একজন শিক্ষার্থীর GPA ২.৫০ এর কম হলে উক্ত শিক্ষার্থী ২০১৯ সনের মাস্টার্স শেষ বর্ষ পরীক্ষায় উন্নয়নের জন্য শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স হতে সর্বোচ্চ দুইটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে, ইনকোর্স, টার্ম পেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নয়ন করতে পারবে না।

৩। উল্লিখিত বিষয় সংশ্লিষ্ট সে সকল পরীক্ষার্থী ইতিমধ্যে ফরম পূরণ ও ফি জমা সম্পন্ন করেছে তারা আগামী ১৭/০২/২০২২ তারিখের মধ্যে ফরম সংশোধন করে বিভাগে জমা দিবে এবং বিভাগ ছাত্রীদের ফি সমন্বয় করে ফেরতযোগ্য (যদি থাকে) টাকার তালিকা (নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিভাগ, জমাকৃত টাকার পরিমাণ ও ফেরতযোগ্য টাকার পরিমাণ) প্রমাণকসহ আগামী ১৮/০২/২০২২ তারিখে মধ্যে হিসাব শাখায় জমা দিবে। ফেরতযোগ্য টাকা ২২/০২/২০২২ তারিখে ছাত্রীদের ফেরম দেয়া হবে।

৪। এ সংক্রান্ত ২৯/০১/২০২২ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

 10.02.2022
অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।



কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৪। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৫। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৬। সংরক্ষণ নথি।